

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

তথ্য অধিদফতর



আঞ্চলিক তথ্য অফিস, ময়মনসিংহ



সংবাদকক্ষ : ০২-৯৯৬৬৬১৩৭০ E-mail- pidmymensingh@gmail.com, Facebook: Pid Mymensingh

## সংবাদ গতিধারা

স্থানীয় দৈনিকসমূহে প্রকাশিত সংবাদ, সম্পাদকীয়'র সারসংক্ষেপ, গুরুত্বপূর্ণ নিবন্ধ ও ফিচারের সংক্ষিপ্তসার  
সংখ্যা-১৫১/২০২২-২০২৩  
ময়মনসিংহ, ২৫ জুন, রবিবার ২০২৩, ১১ আষাঢ় ১৪৩০

আজকের স্থানীয় দৈনিক পত্রিকাগুলো নিম্নলিখিত বিষয়গুলোকে প্রাধান্য দিয়ে খবর ছেপেছে:

- ০১। পরিশ্রম ছাড়া কোনো জাতি উন্নতি করতে পারে না- সংসদ উপনেতা
- ০২। নেত্রকোনায় অসহায় দরিদ্রদের মাঝে স্বেচ্ছাধীন তহবিলের আর্থিক অনুদানের চেক বিতরণ করেছেন সমাজকল্যাণ প্রতিমন্ত্রী
- ০৩। প্রতিষ্ঠাবার্ষিকী উপলক্ষ্যে ময়মনসিংহ মহানগর আওয়ামী লীগের সমাবেশ ও শোভাযাত্রা
- ০৪। বিভাগীয় পর্যায়ে বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান আন্তঃকলেজ ফুটবল টুর্নামেন্টের পুরস্কার প্রদান
- ০৫। ময়মনসিংহ প্রেসক্লাবে সাংবাদিক প্রশিক্ষণ কর্মশালা অনুষ্ঠিত

**০১। পরিশ্রম ছাড়া কোনো জাতি উন্নতি করতে পারে না- সংসদ উপনেতা**

জাতীয় সংসদের উপনেতা বেগম মতিয়া চৌধুরী বলেছেন, কোনো জাতি উন্নতি করতে চাইলে, বিশ্বের বৃহৎ মাথা উঁচু করে দাঁড়াতে চাইলে সে জাতিকে অবশ্যই পরিশ্রম করতে হবে। কারণ পরিশ্রম ছাড়া কোনো জাতি উন্নতি করতে পারে না। শনিবার (২৪ জুন) সকালে শেরপুরের নকলায় উরফা ইউনিয়নের বার মাইসা উচ্চ বিদ্যালয় মাঠে উরফা ইউনিয়নের সকল সরকারি প্রাথমিক বিদ্যালয় ও এবতেদায়ী মাদ্রাসার তৃতীয়, চতুর্থ ও পঞ্চম শ্রেণির এবং সকল মাধ্যমিক বিদ্যালয় ও সমমান দাখিল মাদ্রাসার সেরা ১২ জন করে শিক্ষার্থীর মাঝে মাথাপিছু ১ হাজার টাকা করে আর্থিক প্রণোদনা বিতরণকালে তিনি এসব কথা বলে। সূত্র: দৈনিক স্বদেশ সংবাদ, দৈনিক ব্রহ্মপুত্র এক্সপ্রেস, দৈনিক আজকের ময়মনসিংহ ও দৈনিক ময়মনসিংহ প্রতিদিন।

**০২। নেত্রকোনায় অসহায় দরিদ্রদের মাঝে স্বেচ্ছাধীন তহবিলের আর্থিক অনুদানের চেক বিতরণ করেছেন সমাজকল্যাণ প্রতিমন্ত্রী**

শনিবার (২৪ জুন) পবিত্র ঈদুল আজহা উপলক্ষ্যে নেত্রকোনায় অসহায় দরিদ্রদের মাঝে স্বেচ্ছাধীন তহবিলের আর্থিক অনুদানের চেক বিতরণ করেছেন সমাজকল্যাণ প্রতিমন্ত্রী মো. আশরাফ আলী খান খসরু। চেক বিতরণ অনুষ্ঠানে ১৫০ জন অসহায় ছিন্নমূল মানুষের প্রত্যেককে পাঁচ হাজার টাকার চেক তুলে দেন সমাজকল্যাণ প্রতিমন্ত্রী। সূত্র: দৈনিক আজকের ময়মনসিংহ।

**০৩। প্রতিষ্ঠাবার্ষিকী উপলক্ষ্যে ময়মনসিংহ মহানগর আওয়ামী লীগের সমাবেশ ও শোভাযাত্রা**

বাংলাদেশ আওয়ামী লীগের ৭৪তম প্রতিষ্ঠাবার্ষিকী উপলক্ষ্যে ময়মনসিংহ মহানগর আওয়ামী লীগের উদ্যোগে সমাবেশ ও আনন্দ শোভাযাত্রা অনুষ্ঠিত হয়েছে। শনিবার (২৪ জুন) বিকেলে নগরীর রেলওয়ে কৃষ্ণচূড়া চত্বরে প্রতিষ্ঠাবার্ষিকী উপলক্ষ্যে সমাবেশ অনুষ্ঠিত হয়। সমাবেশে ময়মনসিংহ মহানগর আওয়ামী লীগের সভাপতি ও ময়মনসিংহ সিটি মেয়র মো. ইকরামুল হক টিটু সভাপতিত্ব করেন। সমাবেশ শেষে রেলওয়ে কৃষ্ণচূড়া চত্বর থেকে এক শোভাযাত্রা শুরু হয়ে টাউন হল প্রাঙ্গণে গিয়ে শেষ হয়। সূত্র: দৈনিক স্বদেশ সংবাদ, দৈনিক স্বজন, দৈনিক ময়মনসিংহ প্রতিদিন ও দৈনিক আজকের ময়মনসিংহ।

**০৪। বিভাগীয় পর্যায়ে বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান আন্তঃকলেজ ফুটবল টুর্নামেন্টের পুরস্কার প্রদান**

যুব ও ক্রীড়া মন্ত্রণালয়ের উদ্যোগে এবং ময়মনসিংহ বিভাগীয় প্রশাসন ও জেলা ক্রীড়া অফিসের আয়োজনে ময়মনসিংহ বিভাগীয় পর্যায়ে বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান আন্তঃকলেজ ফুটবল টুর্নামেন্টের ফাইনাল খেলা ও খেলা শেষে চ্যাম্পিয়ন ও রানার্সআপ দলের মাঝে পুরস্কার প্রদান করা হয়েছে। শনিবার (২৪ জুন) বিকেলে ময়মনসিংহের রফিক উদ্দিন ভূঁইয়া স্টেডিয়ামে খেলা শেষে পুরস্কার বিতরণ করা হয়। ফাইনাল খেলায় জামালপুর জেলা দল ময়মনসিংহ জেলা দলকে ৩-২ গোলে পরাজিত করে চ্যাম্পিয়ন হওয়ার গৌরব অর্জন করে। ময়মনসিংহ বিভাগীয় কমিশনার মো. শফিকুর রেজা বিশ্বাস অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত থেকে পুরস্কার বিতরণ এবং বক্তব্য প্রদান করেন। সূত্র: দৈনিক স্বদেশ সংবাদ, দৈনিক স্বজন ও দৈনিক ময়মনসিংহ

**০৫। ময়মনসিংহ প্রেসক্লাবে সাংবাদিক প্রশিক্ষণ কর্মশালা অনুষ্ঠিত**

ময়মনসিংহে ‘স্মার্ট বাংলাদেশ, স্মার্ট ব্যবস্থাপনা ও স্মার্ট সাংবাদিকতা’ শীর্ষক দিনব্যাপী সাংবাদিক প্রশিক্ষণ কর্মশালা অনুষ্ঠিত হয়েছে। শনিবার (২৪ জুন) সকালে ময়মনসিংহ প্রেসক্লাব মিলনায়তনে অনুষ্ঠিত কর্মশালার উদ্বোধন করেন ময়মনসিংহ জেলা প্রশাসক মো. মোস্তাফিজার রহমান। প্রশিক্ষণে প্রিন্ট ও ইলেকট্রনিক মিডিয়ার ৫৩ জন প্রেসক্লাব সদস্য সাংবাদিক অংশগ্রহণ করেন। সূত্র: দৈনিক স্বদেশ সংবাদ ও দৈনিক স্বজন।

## সম্পাদকীয়

- (ক) **দৈনিক স্বদেশ সংবাদ:** সময়মতো সার প্রাপ্তির সঙ্গে দেশে খাদ্যশস্য উৎপাদন তথা খাদ্য নিরাপত্তার মতো অত্যন্ত গুরুত্বপূর্ণ একটি বিষয় জড়িত। তাই সার নিয়ে যে বা যারাই কোনো অপতৎপরতায় লিপ্ত হোক না কেন, তাদের কঠোর শাস্তির আওতায় আনতে হবে। এ ব্যাপারে কোনরকম শৈথিল্য কাম্য নয়।
- (খ) **দৈনিক স্বজন:** কোরবানীর পশুর হাটে পশু ক্রেতা ও বিক্রেতা উভয়েই বিভিন্ন অসাধু চক্রের কারণে বিড়ম্বনার স্বীকার হয়ে থাকে। কিছু চক্র আছে যারা জাল নোট নানা কায়দায় ছড়িয়ে দেয়। সারাদেশের অনুমোদিত কোরবানির পশুর হাটে জাল নোট শনাক্তের বুথ বসানোর নির্দেশনা দিয়েছে বাংলাদেশ ব্যাংক। এতে অনেকটাই স্বস্তি পাবে ক্রেতা-বিক্রেতার।
- (গ) **দৈনিক আজকের ময়মনসিংহ:** ঢাকার মতো ঘনবসতিপূর্ণ শহর, যেখানে আগুন লাগার ঘটনা খুব ঘন ঘন ঘটে, সেখানে অগ্নিনির্বাপনে গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করে জলাশয়গুলো। বঙ্গবাজারের ঘটনা আমাদের মনে করিয়ে দিয়েছে যে আমাদের জলাশয়গুলোর কী অবস্থা। জলাশয়গুলো রক্ষায় অবিলম্বে সরকারকে কার্যকর উদ্যোগ নিতে হবে।

## প্রবন্ধ/নিবন্ধ

- ০১। যোগ সারায় রোগ- প্রকাশ ঘোষ বিধান (দৈনিক স্বজন)
- ০২। জলবায়ু পরিবর্তনজনিত প্রভাব- মামুন উর রশিদ (দৈনিক আজকের ময়মনসিংহ)

#

রিদওয়ান/রেজভী/সজিব/২০২৩/১০.৩০ ঘণ্টা।